জেলা পরিষদ কার্যালয়
কুড়িগ্রাম।
www.zpkurigram.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.৪৭.৪৯০০.০০২.০৬.০০৪.২০-১৪০৫ তারিখঃ ১৪.১২.২০২৩ খ্রিঃ।

## "দরপত্রের মাধ্যমে খেয়াঘাট/ফেরীঘাট ইজারা প্রদানের ঘোষণা পত্র"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪২.০১৪.৩৮.০২.১০৩.২০১২-২২১৯, তারিখ: ১৪ নভেম্বর ২০২৩ এবং ৪৬.০৪২.০১৪.৩৮.০২.১০৩.২০১২-১৮৬৮, তারিখঃ ৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী কুড়িগ্রাম জেলা পরিষদের মালিকানাধীন চিলমারী উপজেলার "দক্ষিণ ওয়ারী খেয়াঘাট এবং খেরুয়ার চর খেয়াঘাট/ফেরীঘাট" নিম্নবর্ণিত শর্তে ও নিয়মানুযায়ী আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের (০১/০১/২৪ হতে ৩০/০৬/২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তিগণের নিকট থেকে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রসমূহের সিডিউল ১ম শ্রেণীর ঘাট হিসেবে ১,৪০০/- টাকায় নগদ মূল্যে (অফেরতযোগ্য) আগামী ২৮/১২/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম এবং জেলা প্রশাসক, কুড়িগ্রাম কার্যালয় হতে ক্রয় করা যাবে। এছাড়া জেলা পরিষদের ওয়েবসাইট (**www.zpkurigram.gov.bd**) এ ফরম পাওয়া যাবে। আগামী ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখ উল্লিখিত কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে বেলা ১.০০ টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ৪.০০ টার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। খেয়াঘাট ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি অফিস চলাকালীন সময়ে অত্র কার্যালয় থেকে জানা যাবে।

শর্তাবলী ঃ

০১। প্রতিটি দরপত্রের সাথে উদ্ধৃত ইজারা মূল্যের ১০০%, আয়কর ৫% ও মূল্য সংযোজন কর (ভ্যাট) ১৫% যে কোন তফশীলভুক্ত ব্যাংক হতে পৃথক পৃথক ভাবে এমআইসিআর পে-অর্ডার/এমআইসিআর ব্যাংক ড্রাফট -এর মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম এর অনুকূলে দাখিল করতে হবে। কোন ভাবেই উদ্ধৃতদরের সংগে আয়কর ও ভ্যাট একত্রে জমা দিলে বা আয়কর ও ভ্যাট পৃথকভাবে জমা না দিলে তা গ্রহণযোগ্য হবে না।

০২। ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখ বেলা ১.০০ টা পর্যন্ত খেয়াঘাট/ফেরীঘাটের দরপত্র জেলা পরিষদ কার্যালয়, কুড়িগ্রাম ও জেলা প্রশাসক, কুড়িগ্রাম কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে।

০৩। ৩১/১২/২০২৩ খ্রিঃ তারিখ ৪.০০ টার সময় খেয়াঘাট/ফেরীঘাটের প্রাপ্ত দরপত্র জেলা পরিষদ, কুড়িগ্রাম কার্যালয়ে উপস্থিত দর দাতাগণের সম্মুখে খোলা হবে।

০৪। ঘাটের প্রাপ্ত সর্বোচ্চ দর অন্য কোন কারণে বিবেচিত হলে কর্তৃপক্ষ সর্বোচ্চ দরদাতার ব্যাংক ড্রাফট চূড়ান্ত সিদ্ধান্তের পূর্ব পর্যন্ত অত্রাফিসে জমা রেখে পুনঃ দরপত্র আহবান করতে পারবেন। এ ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতা তার দরে বা বেশি দরে (নতুনভাবে যুক্ত করে) অংশগ্রহণ করতে পারবেন।

০৫। যার দরপত্র অনুমোদিত হবে তাকে পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে জেলা পরিষদ, কুড়িগ্রাম বরাবরে চুক্তিনামা সম্পাদনপূর্বক খেয়া/ফেরীঘাটের দখলনামা গ্রহণ করতে হবে।

০৬। জেলা পরিষদের খেয়াঘাট/ফেরীঘাট সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ইজারাদার নৌকা, ইঞ্জিন চালিত নৌকা, মারবোট দ্বারা যাত্রী, যান-বাহন ও মালামাল পারাপার করবেন এবং খেয়াঘাট/ফেরীঘাটের নিকটবর্তী ঘাটের যাত্রীদের দৃষ্টিগোচরযোগ্য নদীর উভয় পাড়ে দৃশ্যমান স্থানে অনুমোদিত টোল চার্ট সাইনবোর্ড আকারে নিজ খরচে তৈরী করে লটকিয়ে প্রদর্শনসহ নির্ধারিত হারে টোল আদায় করবেন।

০৭। নির্ধারিত তারিখের পর কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। দরপত্রে দেয় দর অংকে ও কথায় স্পষ্টভাবে এবং দরপত্র খামের উপরিভাগে সংশ্লিষ্ট ঘাটের নাম/দরপত্র দাতার নাম উল্লেখ করতে হবে। দেয় দরে অংকে অথবা কথায় কাটাকাটি হয়ে গেলে দরপত্র দাতা কর্তৃক তা প্রতিস্বাক্ষরিত হতে হবে। দাখিলকৃত দরপত্র সিডিউলে কোন কাটাকাটি বা ঘষা-মাজা থাকলে বা প্রযোজ্য বিডি/সিডি/পিও দাখিল না করলে বা অসম্পূর্ণ বা ক্রটিপূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।

০৮। দরপত্র দাখিলের পর ঘাট সংক্রান্ত কোন প্রকার আপত্তি/অজুহাত বিবেচনা করা হবে না। কাজেই নির্ধারিত সীমানাসহ অন্যান্য বিষয়ে ঘাটের স্থান সরেজমিনে পরিদর্শনপূর্বক দরপত্র দাখিল করতে হবে। ইজারা প্রদত্ত খেয়াঘাট সাব-লিজ দেয়া যাবে না।

০৯। প্রাকৃতিক কারণে নদীর পানি কমে/বেড়ে গেলে বা নদীর গতিপথ পরিবর্তনের কারণে খেয়াঘাট/ফেরীঘাটের যাত্রী, মালামাল ও যান-বাহন পারাপারের সুবিধার্থে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে খেয়াঘাট/ফেরীঘাট সাময়িকভাবে স্থানান্তর করা যাবে। এ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং প্রজেই-৪/জেপ-৩৫/৯৩/৯৪৭/১(৬১), তাং ০৮/০৮/১৯৯৪ খ্রিঃ এর নির্দেশ অনুযায়ী জেলা পরিষদের মালিকানাধীন খেয়াঘাট/ফেরীঘাটের ২ (দুই) মাইল সীমানার মধ্যে কোন সংস্থা কিংবা ইউ,পি চেয়ারম্যান, পৌরসভা মেয়র এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিধি বহির্ভূতভাবে নতুন নামে নতুন খেয়াঘাট সৃষ্টি ও ইজারা প্রদান করা যাবে না।

১১। দরপত্র সিডিউল ক্রয়ের রসিদ দরপত্রের সংগে দাখিল না করলে এবং ওয়েবসাইট থেকে ডাউনলোড করা সিডিউলের সাথে সিডিউল ক্রয়ের নির্ধারিত মূল্য জমা দেয়ার রসিদ দাখিল না করলে তা বাতিল বলে গণ্য হবে।

(চলমান পাতা-২)

১৪/১২/২০২৩

১৪/১২/২৩

১২। দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের (আইডি কার্ড) ফটোকপি বাধ্যতামূলক ভাবে সিডিউল এর সঙ্গে দাখিল করতে হবে।

১৩। কোন ঘাট সম্পর্কে কোন বিজ্ঞ আদালতের কোনরূপ আদেশ/নিষেধাজ্ঞা দৃষ্টি গোচরীভূত হলে এ বিষয়ে বিধিমতে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হইবে।

১৪। দরখাস্তকারীগণ জন্মগত পেশাগত পাটনী এর সমর্থনে তাঁর বর্তমান পেশার বিবরণসহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌর মেয়র এর সনদপত্র দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে এবং কার্যক্রম ক্ষেত্রে জেলা পরিষদের স্বার্থ বিবেচনায় কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১৫। ইজারাদার যাত্রীদের পারাপারের জন্য উপযুক্ত নৌযান সরবরাহসহ যাত্রীদের ওঠানামার জন্য প্রয়োজনীয় পরিবর্তিত ঘাটলা নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

১৬। বৈরী আবহাওয়ায় খেয়াঘাট বন্ধ রাখতে হবে। ঘাটে যাত্রীদের সংকেত/নির্দেশনা প্রদানের জন্য ইজারাদার মাইকিং এর ব্যবস্থা রাখবেন এবং ধারণক্ষমতার অতিরিক্ত যাত্রি/মালামাল পরিবহন করা যাবে না।

১৭। নৌকাতে যাত্রীদের সুরক্ষার জন্য সবসময় পর্যাপ্ত সংখ্যক নিরাপত্তা সরঞ্জাম, যেমন লাইফ জ্যাকেট/টিউব/গার্ড/টায়ার প্রভৃতি রাখতে হবে।

১৮। পাঁচ বছরের কম বয়সী শিশু এবং পুস্তকাদীসহ বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী, জেলা পরিষদের সদস্য ও কর্মকর্তা/কর্মচারীদেরকে বিনা মাশুলে পারাপার করতে হবে।

১৯। উল্লিখিত শর্তাবলি লঙ্ঘন করলে ইজারা বাতিল পূর্বক ইজারা মূল্য ও অন্যান্য জমাকৃত টাকা বাজেয়াপ্ত করে ঘাটটি পুনরায় ইজারা দেওয়া হবে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪/১২/২৩

সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, কুড়িগ্রাম।
ফোন ঃ ০৫৮১-৫১৩৯০ (অফিস)।
ই-মেইলঃ ae@zpkurigram.gov.bd

নং-৪৬.৪৭.৪৯০০.০০২.০৬.০০৪.২০-১৪০৫/১(১০০) তারিখঃ ১৪.১২.২০২৩ খ্রিঃ।

১৪/১২/২৩

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হ'লঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম/রংপুর/লালমনিরহাট/গাইবান্ধা।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম/রংপুর/লালমনিরহাট/গাইবান্ধা।
০৬। পুলিশ সুপার, কুড়িগ্রাম/রংপুর/লালমনিরহাট/গাইবান্ধা।।
০৭। মেয়র, সদর/উলিপুর/নাগেশ্বরী পৌরসভা, কুড়িগ্রাম।
০৮। নির্বাহী প্রকৌশলী, সওজ বিভাগ/গণপূর্তবিভাগ/এলজিইডি/পানিউন্নয়নবোর্ড/জনস্বাস্থ্যপ্রকৌশল বিভাগ/জেলা শিক্ষা কর্মকর্তা, কুড়িগ্রাম।
০৯। উপজেলা চেয়ারম্যান,..........................................................(সকল), কুড়িগ্রাম।
১০। উপজেলা নির্বাহী অফিসার.....................................................(সকল), কুড়িগ্রাম।
১১। অফিসার ইন-চার্জ,............................................(সকল) থানা, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান.................................ইউপি, উপজেলা-.........................., জেলা-..................
১৩। উপ-সহকারী প্রকৌশলী/সার্ভেয়ার, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
১৪। ইজারাদার,.........................................................................................................
.........................................................................................................................।
১৫। কেয়ারটেকার,.............................ডাকবাংলো, জেলা পরিষদ, কুড়িগ্রাম। তাঁকে উপজেলার প্রধান প্রধান হাট-বাজারে একদিন ঢোল সহরত করাসহ সকল ইউ, পি ও ঘাট এলাকায় বহুল প্রচার নিশ্চিত করতে বলা হ'ল।
১৬। অফিস কপি/নোটিশ বোর্ড।

১৪/১২/২৩

সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, কুড়িগ্রাম।

১৪/১২/২৩